



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি নং- ১৮০/২০১৮

তারিখ : ০৫/০৮/১৪২৫ বঙ্গাব্দ
১৯/১১/২০১৮ খ্রিস্টাব্দ

সমন্বিতভাবে ৪টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠানে 'সহকারী মেইনটিন্যান্স ইঞ্জিনিয়ার/হার্ডওয়ার ইঞ্জিনিয়ার এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি)' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের তত্ত্বাবধানে সমন্বিতভাবে ৪টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠানে (সোনালী ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ) 'সহকারী মেইনটিন্যান্স ইঞ্জিনিয়ার/হার্ডওয়ার ইঞ্জিনিয়ার/এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি)' পদে নিয়োগের লক্ষ্যে Online-এ প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ০১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ৩০/১১/২০১৮ তারিখ শুক্রবার বিকাল ০৩.০০টা থেকে ০৪.০০ টা পর্যন্ত ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে অবস্থিত নিম্নোক্ত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে :

পরীক্ষা কেন্দ্রের নাম	রোল নম্বর
Wills Little Flower School & College	100001 - 104800
Green Field School & College	104801 - 107300
Mirpur Girls Ideal Laboratory Institute	107301 - 113196

উক্ত পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) হতে সংগ্রহ করার জন্য প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ, অন্যান্য ইলেকট্রিক ডিভাইস এবং প্রবেশপত্রের একাধিক কপি বা কোন অতিরিক্ত কাগজ নিয়ে প্রবেশ না করতে নির্দেশনা দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত
(মোঃ মোশাররফ হোসেন খান)
মহাব্যবস্থাপক
ও
সদস্য-সচিব, বিএসসি